গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -২
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.০১৩.২৩.২২৬

তারিখ: ৯ চৈত্র ১৪২৯
২৩ মার্চ ২০২৩

বিষয়: **রিট পিটিশন নং ২০০৭/২০২৩-এর আরজির আলোকে দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণী প্রেরণ সংক্রান্ত।**

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট নং ২০০৭/২০২৩ -এর ২২/০২/২০২৩ খ্রিষ্টাব্দের আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলার রায়পুরা উপজেলার সীমানা নির্ধারণ ও সীমানা নির্ধারণ না করা পর্যন্ত রায়পুরা উপজেলার নির্বাচন স্থগিত রাখার বিষয়টিকে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগ-এর সচিব মহোদয়সহ মোট বারো জনকে প্রতিপক্ষ করে পিটিশনার জনাব মো: মানিক মোল্যা কর্তৃক বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান-এর ১০২ অনুচ্ছেদ মোতাবেক রিট পিটিশন নং ২০০৭/২০২৩ রুজু করা হয়েছে। বিজ্ঞ হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি **রুলনিশি জারি** করেন। এ রিটের ৬নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, নরসিংদী।

০২। এমতাবস্থায়, রিট পিটিশন নং **২০০৭/২০২৩** মোকদ্দমার আরজির আলোকে দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক যাবতীয় কাগজপত্রের দুই সেট সত্যায়িত কাগজপত্র এবং এ রিটের সার্টিফাইড কপি জরুরিভিত্তিতে অনধিক ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে......পাতা।

২৩-৩-২০২৩
মাহবুবা আইরিন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২৫৫১০০১৯৭
ইমেইল: Lglaw2@lgd.gov.bd

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়,
নরসিংদী।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.০১৩.২৩.২২৬/১(৪)

তারিখ: ৯ চৈত্র ১৪২৯
২৩ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
২) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
৩) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

২৩-৩-২০২৩
মাহবুবা আইরিন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)